



The Scottish Parliament
Pàrlamaid na h-Alba

আপনার এমএসপিগণ

আপনার এমএসপিগণ

স্কটিশ পার্লামেন্ট ১২৯ জন স্কটিশ পার্লামেন্ট (এমএসপিগণ) সদস্য সম্বলিত, যারা স্কটিশবাসীদের ভোটে ও তাদেরকে উপস্থাপন করার জন্য নির্বাচিত হয়েছেন।

এমএসপিগণ আপনার হয়ে কাজ করেন এবং বিবিধ ব্যাপারে সিদ্ধান্ত নিয়ে থাকে যার মধ্যে শিক্ষা, পরিবেশ, স্বাস্থ্য, হাউজিং, সিভিল ও ফৌজদারী বিচার এবং পরিবহনের মত বিষয়সমূহ অন্তর্ভুক্ত।

আপনার এমএসপিগণকে আপনি ভোট না দিলেও তাদের সাথে যোগাযোগ করতে পারেন।

আপনি যদি তাদের সাহায্য চেয়ে থাকেন, তবে আপনি আশা করতে পারেন যে কোন একজন এমএসপি আপনার সমস্যার দায়িত্ব নেবেন বা কেন নিতে পারছেন না তার ব্যাখ্যা আপনাকে তিনি দেবেন। যাইহোক, এটি এমএসপির উপর নির্ভর করছে যে তিনি কোন অনুরোধ বা জিজ্ঞাসার প্রত্যুত্তরের সিদ্ধান্ত কিভাবে নেবেন।

কার সাথে আমি যোগাযোগ করতে পারি?

আপনি যদি স্কটল্যান্ডে বাস করে থাকেন, তাহলে আট জন এমএসপি আপনাকে উপস্থাপন করবেন- একজন আপনার নির্বাচনী এলাকাকে এবং বাকি সাতজন আপনার নির্বাচনী এলাকাসহ বৃহত্তর সংসদীয় এলাকাকে উপস্থাপন করবেন।

নির্বাচনী এলাকা ও স্থানীয় এমএসপি, উভয়েরই আপনাকে উপস্থাপন করার সমান ক্ষমতা আছে এবং আপনি আপনার আটজন এমএসপির মধ্যে যাকে ইচ্ছে তার সাথে যোগাযোগ করতে পারেন। উদাহরণস্বরূপ, আপনি কোন একজন এমএসপিকে যোগাযোগ করার জন্য বাছাই করলেন কারণ তারা একটি বিশেষ দলের সদস্য বা আপনি জানেন যে, আপনি যে বিষয়ে আলোচনা করতে চান সে ব্যাপারে তাদের আগ্রহ আছে।

আপনার এমএসপিসমূহ কারা এবং তাদের সাথে কিভাবে যোগাযোগ করা যায় তা জানার জন্য আমাদের ওয়েবসাইট parliament.scot/msps- এ পোস্টকোড ব্যবহার করে সার্চ করুন বা গণতথ্যের সাথে যোগাযোগ করুন।

স্ট্যান্ডার্ড ফর্ম ব্যবহার করে আপনি আপনার আট জন এমএসপিদের মধ্যে যেকোন একজনকে ইমেইল করতে পারেন: **firstname.surname.msp@parliament.scot**

যোগাযোগের অন্যান্য বিস্তারিত খবর আমাদের ওয়েবসাইট থেকে বা গণতথ্য থেকে পাওয়া যাবে।

আপনি একজন এমএসপির কাছে যেকোন ভাষায় লিখতে পারেন। যদি কোন এমএসপির সাথে আপনার মিটিং থাকে, তবে সেখানে প্রয়োজন হলে দোভাষীর ব্যবস্থা করা যেতে পারে। অনুগ্রহ করে এমএসপিকে জানাবেন যদি আপনার একজন দোভাষীর প্রয়োজন হয়।

আমার এমএসপিগণ কি করেন?

- সোমবার ও শুক্রবার: এমএসপিগণ সাধারণত তাদের স্থানীয় এলাকায় কাজ করেন।
- মঙ্গলবার, বুধবার ও বৃহস্পতিবার: যেহেতু এই দিনগুলোতে সংসদে তর্কবিতর্ক ও কমিটি মিটিংসমূহ অনুষ্ঠিত হয় তাই তারা সাধারণত সংসদে গিয়ে থাকেন।

এমএসপিগণ সন্ধ্যায় এবং সপ্তাহশেষে সার্জারি রাখা, মিটিঙে কথা বলা বা কোন অনুষ্ঠানে উপস্থিত থাকার কাজও করে থাকতে পারেন।

কিছু এমএসপি স্কটিশ সরকারের ক্যাবিনেট সেক্রেটারি বা মন্ত্রী হতে পারেন যাদের উপর স্বাস্থ্য বা ন্যায়বিচারের মত ব্যাপারের কোন একটি বিশেষ এলাকার নীতিমালার দায়িত্ব থাকে। যদি আপনার স্থানীয় এমএসপিদের মধ্যে কেউ ক্যাবিনেট সেক্রেটারি বা মন্ত্রী হয়ে থাকেন, তবুও স্কটিশ পার্লামেন্ট সম্পর্কীয় যে কোন ব্যাপারে সাহায্য বা উপদেশের জন্য আপনি তাদের সাথে যোগাযোগ করতে পারেন।

আমি আমার এমএসপিগণ সম্পর্কে আরো কিভাবে জানতে পারি?

- প্রত্যেক এমএসপির জন্য একটি করে অংশ আমাদের ওয়েবসাইটে আছে। এতে তাদের জীবন সম্পর্কে তথ্য ও সাম্প্রতিক ভোটের তথ্যাবলী অন্তর্ভুক্ত আছে।
- এমএসপিগণ চেম্বার ও কমিটি মিটিঙে যা বলে থাকেন তা অফিসিয়াল রিপোর্টে প্রকাশিত হয়ে থাকে যেটি আমাদের ওয়েবসাইটে পাওয়া যাবে। আপনি মিটিঙের ভিডিওসমূহ scottishparliament.tv এবং ইউটিউবেও দেখতে পারেন।
- পার্লামেন্টে নিজেদের কাজ সম্পর্কে এমএসপিগণ প্রায়ই নিউজলেটার প্রকাশ করে থাকেন। আরো বিস্তারিত জানতে এমএসপিদের অফিসে যোগাযোগ করুন।
- বহু এমএসপির নিজস্ব ওয়েবসাইট ও সামাজিক গণমাধ্যমে একাউন্ট আছে যেখানে তারা কি করছেন ও সার্জারি সম্পর্কে বিস্তারিত তথ্য দেয়া থাকে।
- আপনার এমএসপিগণের কাজ দেখতে স্কটিশ পার্লামেন্টে চলে আসুন। ০৮০০ ০৯২ ৭৬০০ বা ০১৩১ ৩৪৮ ৫২০০ নম্বরে ভিজিটর সার্ভিসের জন্য কল করুন (ইংরেজিতে), বা টিকিট কাটার জন্য visit@parliament.scot এই ঠিকানায় ইমেইল করুন (যে কোন ভাষায়)।

গণতথ্য

স্কটিশ পার্লামেন্ট, এর সদস্য হওয়ার তথ্য, ব্যবসা বা প্রক্রিয়া এসব সম্পর্কে আরো জানতে আমাদের সাথে যোগাযোগ করুন।

লাইভ চ্যাট parliament.scot/live-chat (শুধুমাত্র ইংরেজিতে)

টেলিফোন ০৮০০ ০৯২ ৭৫০০ বা ০১৩১ ৩৪৮ ৫০০০ (শুধুমাত্র ইংরেজিতে)

আপনি যেকোন ভাষায় আমাদের কাছে লিখতে পারেন:

ইমেইল info@parliament.scot

টেক্সট ০৭৭৮৬ ২০৯৮৮৮

ঠিকানা: Public Information
The Scottish Parliament
Edinburgh
EH99 1SP

ওয়েবসাইট parliament.scot

ফেসবুক, ইনস্টাগ্রাম, টুইটার এবং ইউটিউবেও আমাদের একাউন্ট আছে।

কোন অনুসন্ধানের জন্য যদি আপনি আমাদের সাথে যোগাযোগ করেন, আমরা আপনার দেয়া তথ্যটি আপনার অনুসন্ধানের স্বার্থে কাজে লাগাতে ব্যবহার করব। আমরা আপনার তথ্যসমূহ কিভাবে পরিচালনা করি সে সম্পর্কে আরো জানতে parliament.scot/dataprotection এ যান বা আমাদের সাথে যোগাযোগ করুন।

আপনি যদি স্কটিশ পার্লামেন্ট সম্পর্কীয় তথ্য অন্য কোন ফরমাটে বা ভাষায় চান তবে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।(এস পি ছি বি ১ম সংখ্যা জুন ২০১৬)



HAPPY TO TRANSLATE

© SPCB 1st edition, June 2016 (এসপিছিবি ১ম সংস্করণ জুন ২০১৬)